গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়
মাঈন উদ্দিন মঞ্জিল, হোল্ডিং নং-০২১৬-০১।
লক্ষীনারায়নপুর, মাইজদী কোর্ট, নোয়াখালী।
Email:noakhalidnc@gmail.com;web:www.dnc.noakhali.gov.bd

নং-৫৮.০২.৭৫০০.১১১.০৭.০০৫.২৩-১০৩০ তারিখ : ২৬/১০/২০২৩ খ্রি।

# দরপত্র/ কোটেশন বিজ্ঞপ্তি

বিষয় ঃ **মাদকবিরোধী শ্লোগান সম্বলিত টি-শার্ট, ব্যাগ, মগ, ক্যাপ, টিস্যু বক্স ও ছাতা প্রস্তুত ও সরবরাহকরণ ।**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ০৫/১০/২০২৩ খ্রিঃ তারিখে ৩৩৪৭ নং স্মারকে প্রেরিত বাজেট বরাদ্দ পত্র মোতাবেক নোয়াখালী জেলা কার্যালয়ের চলতি (২০২৩-২০২৪) অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় মাদকবিরোধী গনসচেতনতামুলক কার্যক্রমের উপকরণ হিসেবে **মাদকবিরোধী শ্লোগান সম্বলিত টি-শার্ট, ব্যাগ, মগ, ক্যাপ, টিস্যু বক্স ও ছাতা প্রস্তুত ও সরবরাহের** জন্য "কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)" পদ্ধতিতে আগ্রহী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে কোটেশন আহবান করা যাচ্ছে। প্রদত্ত শর্তাবলী পূরণসাপেক্ষে আগ্রহী প্রকৃত প্রতিষ্ঠানকে নির্ধারিত ছক পূরণপূর্বক নিজস্ব প্যাডে **আগামী ০৮/১১/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে** সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী বরাবর সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী কোটেশন/দরপত্র দাখিল করতে হবে।

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ | দর ( প্রতিটি) | সর্বমোট ( টাকা) |
|---|---|---|---|---|
| ০১। | মাদকবিরোধী শ্লোগান সম্বলিত টি-শার্ট | ৭৫ টি | | |
| ০২। | মাদকবিরোধী শ্লোগান সম্বলিত ব্যাগ | ৭৫ টি | | |
| ০৩। | মাদকবিরোধী শ্লোগান সম্বলিত মগ | ১০০ টি | | |
| ০৪। | মাদকবিরোধী শ্লোগান সম্বলিত ক্যাপ | ১০০ টি | | |
| ০৫। | মাদকবিরোধী শ্লোগান সম্বলিত টিস্যু বক্স | ৬১ টি | | |
| ০৬। | মাদকবিরোধী শ্লোগান সম্বলিত ছাতা | ৭৫ টি | | |

শর্তাবলী ঃ

১. দরপত্র/কোটেশন এর সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সমর্থনে সনদপত্র, TIN নম্বরসহ আয়কর প্রদানের সনদপত্র এবং ভ্যাট নিবন্ধন সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।

২. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিকৃত আইটেমের পরিমাণ বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।

৩. দর উল্লেখ করার সময় টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য নয়। একক দর ও মোট দরের মধ্যে কোন গরমিল দেখা দিলে একক দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

৪. অবশ্যই সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

৫. অন্যান্য শর্ত যা সংশ্লিষ্ট অফিস তার কাজ সম্পাদন করার ক্ষেত্রে প্রয়োজন মনে করবে তা সংযুক্ত করতে পারবে।

৬. দরপত্র/কোটেশনসমূহ আগামী **০৮/১১/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে**সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালীতে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণের পর কোন অবস্থাতেই কোনদরপত্র/কোটেশন গ্রহণ করা হবে না। একই দিন **বেলা ১২.৩০ ঘটিকায়** দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।

৭. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন কোটেশন/দরপত্র গ্রহণ এবং সকল কোটেশন/দরপত্র পূর্ণ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৮. সরবরাহকৃত টি-শার্ট, ব্যাগ, মগ, ক্যাপ, টিস্যু বক্স ও ছাতা কোন ত্রুটি ধরা পড়লে ও সিডিউল মোতাবেক দরপত্র মূল্যায়ন কমিটি অভিমত ব্যক্ত করলে তা অবশ্যই প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিবর্তন করে দিতে বাধ্য থাকবে। এ ক্ষেত্রে কোনরূপ ওজর আপত্তি গৃহীত হবে না।

৯. প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে মাদকবিরোধী শ্লোগান সম্বলিত টি-শার্ট ৭৫ (পঁচাত্তর) টি, ব্যাগ ৭৫ (পঁচাত্তর) টি, মগ ১০০ (একশত) টি, ক্যাপ ১০০(একশত) টি, টিস্যু বক্স ৬১ (একষট্টি) টি ও ছাতা ৭৫ (পঁচাত্তর) টি প্রস্তুত করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালীতে সরবরাহ করে বিল দাখিল করতে হবে। বিলের টাকা সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

১০. শর্ত ভঙ্গের কারণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন ক্ষতির উদ্ভব ঘটলে সেই ক্ষতির দ্বিগুন পরিমাণ আদায়ে অধিদপ্তরের ক্ষমতা থাকবে এবং এটি গণদাবী (Public Demand) হিসাবে গণ্য হবে।

১১. দাখিলকৃত বিলের বিপরীতে সরকার নির্ধারিত নিয়মানুয়ায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। এতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য নয়।

(মোহাম্মদ আবদুল হামিদ)
সহকারী পরিচালক
ফোন-০২৩৩৪৪৩৩৯৯৯।

নং-৫৮.০২.৭৫০০.১১১.০৭.০০৫.২৩-১০৩০

তারিখ : ২৬/১০/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ:

১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নোয়াখালী (নোটিশ বোর্ডে টানানোর সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
৩। পুলিশ সুপার, নোয়াখালী (নোটিশ বোর্ডে টানানোর সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম (নোটিশ বোর্ডে টানানোর সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
৫। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইট www.dnc.gov.bd এ প্রচারে সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
৬। জেলা তথ্য অফিসার, নোয়াখালী (সদস্য মনোনয়নপূর্বক যথাসময়ে সভায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল)।
৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নোয়াখালী (একজন উপযুক্ত প্রতিনিধি মনোয়নপূর্বক যথাসময়ে সভায় অংশগ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
৮। সহকারী পরিচালক, বিআরটিএ, নোয়াখালী (প্রতিনিধি মনোয়নপূর্বক যথাসময়ে সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল)।
৯। জনাব........................................................................................................................................
১০। অত্রাফিসের নোটিশ বোর্ড।

(মোহাম্মদ আবদুল হামিদ)
সহকারী পরিচালক
ফোন-০২৩৩৪৪৩৩৯৯৯।